গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা
www.doulatkhan.bhola.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.০৯২৯.০০০.৩৫.০০১.২৩.১২৬

তারিখ: ১১ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**"জলমহাল ইজারা বিজ্ঞপ্তি - ২০২৬"**

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা জেলাধীন দৌলতখান উপজেলার অনূর্ধ্ব ২০.০০ (বিশ) একর আয়তনবিশিষ্ট ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) সরকারি বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ এর অধিশাখার গত ১৫-০২-২০২৬ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০০১.২৬-১০১ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ১৪৩৩ থেকে ১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি উপরোল্লিখিত ওয়েবসাইটে ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালায়, দৌলতখান, ভোলা হতে পাওয়া যাবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০.০০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনা সিডিউল

| ক্র:নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ২৫ মার্চ থেকে ০৯ এপ্রিল ২০২৬ খ্রি. | জলমহাল ইজারার আবেদন দাখিল |
| ২ | ১২ এপ্রিল ২০২৬ থেকে ০৩ কার্য দিবসের মধ্যে | দাখিলকৃত আবেদনের কপি ও আমানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় দৌলতখান, ভোলা দাখিল |
| ৩ | ১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে | প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই ও উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ৪ | ১৯ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ |
| ৫ | ২০ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে | ইজারগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন |
| ৬ | ২১ এপ্রিল ২০২৬ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

**০৩ (তিন) বছর মেয়াদী ১৪৩৩ বঙ্গাব্দ হতে ১৪৩৫ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্র:নং | জলমহালের নাম | অবস্থান | আয়তন (একরে) | ৫% বর্ধিত হারে ০৩ (তিন) বছরের সরকারি ইজারা মূল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | চরপাতা খাস পুকুর | চর দক্ষিণ লামছিপাতা | দাগ নং- ২৭৩<br>জমির পরিমাণ-০.৭২ একর | **১০,৫০০/-** | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০২ | খায়ের হাট বাজার পুকুর | পশ্চিম জয়নগর | দাগ নং- ৩৫৯২<br>জমির পরিমাণ ০.৯৩ একর | **৩৪,৬৫০/-** | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |

## শর্তাবলী

০১। জলমহাল ইজারা গ্রহিতা সমিতি বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা/বন্দোবস্ত প্রদান করা হয়েছে হিসেবে গণ্য করা হবে।

০২। জলমহালসমূহ কেবলমাত্র নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকুলে ইজারা দেয়া হবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০৩। যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর বিনিময়ে (অফেরতযোগ্য) উপরে বর্ণিত কার্যালয়সমূহ হতে উল্লিখিত তারিখ অফিস চলাকালীন সময়ে আবেদন/ দরপত্র ক্রয় করা যাবে।

০৪। আবেদনে উদ্ধৃত মূল্যের উপর ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে- অর্ডারসহ আবেদনপত্র জমা দিতে হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৫। প্রস্তাবিত মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে।

০৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি দু'টির বেশী জলমহাল ইজারা গ্রহণ করতে পারবেন না।

০৭। জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে। ভবিষ্যতে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৮। সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না।

০৯। কোন মৎস্যজীবী সমিতি/সংগঠন এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশেষে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতি/সংগঠনকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে ইজারার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১১। জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ভিত্তিতে একটি মাত্র প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের আবেদন পাওয়া গেলেও উক্ত সমিতির অনুকূলে ইজারা প্রদান করা হবে। একাধিক সমিতি উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সার্বিক বিবেচনার মাধ্যমে প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১২। সময়মতো লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা কোন অনিয়ম পরিলক্ষিত হলে ইজারা বাতিলক্রমে জামানত বাজেয়াপ্তসহ পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১৩। ইজারা গ্রহীতা কর্তৃক কোন প্রকারে জলমহাল সাবলীজ দেয়া যাবে না। সাবলীজ নেয়া হলে জামানতসহ ইজারা মূল্য বাজেয়াপ্ত করে পুনঃ ইজারা প্রদান করা হবে।

১৪। ইজারার ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ভবিষ্যতে প্রযোজ্য সকল নিয়ম-নীতি ইজারাদারের জন্য অবশ্যই পালনীয় হবে।

১৫। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে ইজারাদারের সকল অধিকার বিলুপ্ত হবে।

১৬। পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য জলমহালের উপর মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

১৭। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ বা হিংস্র প্রাণীর চাষ করা যাবে না।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯। ইজারা বিজ্ঞপ্তিতে কোন রূপ ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

স্বাক্ষরিতঃ—

(আব্দুল্লাহ্ খায়রুল ইসলাম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতখান, ভোলা

স্মারক নম্বর: ০৫.১০.০৯২৯.০০০.৩৫.০০১.২৩.১২৬

তারিখ: ১১ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক, ভোলা।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা।

৪। সহকারী কমিশনার (ভূমি) উপজেলা সমবায়/ মৎস্য/ কৃষি / সমাজসেবা/ যুব উন্নয়ন / মহিলা বিষয়ক কর্মকর্তা/ অফিসার ইন-চার্জ, দৌলতখান থানা, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৫। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................... ইউনিয়ন ভূমি অফিস, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। প্রোগ্রামার, জেলা আইসিটি সেন্টার, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দৌলতখান, ভোলা। বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৯। অত্রাফিস নোটিশ বোর্ড।

২৫/০৩/২০২৬

(শাওন মজুমদার সুমন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দৌলতখান, ভোলা